

স্মারক নং- ৪৬.১১.১৬০০.০৬.০৫.১৬(ক).২১- ১৭৫


তারিখ- ০২/০৬/২০২১ইং

অফিস আদেশ

দুর্গন্ধমুক্ত পরিচ্ছন্ন পরিবেশে সম্মানিত নগরবাসীর চলাচলের সুবিধার্থে এবং নির্বিঘ্নে ও যানজটমুক্ত পরিবেশে সুইপিং/ঝাড়ু দেয়ার কাজ সম্পাদনের লক্ষ্যে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত চট্টগ্রাম নগরীর ৮টি ওয়ার্ড যথাক্রমে; ১। ১৪নং লালখান বাজার ওয়ার্ড, ২। ১৫নং বাগমনিরাম ওয়ার্ড, ৩। ১৬নং চকবাজার ওয়ার্ড, ৪। ২১নং জামালখান ওয়ার্ড, ৫। ২২নং এনায়েত বাজার ওয়ার্ড, ৬। ২৩নং উত্তর পাঠানটুলী ওয়ার্ড, ৭। ৩১নং আলকবর ওয়ার্ড ও ৮। ৩২নং আন্দরকিল্লা ওয়ার্ড-এর সড়ক, লেইন, বাই-লেইন ও ফুটপাথে কেবল মাত্র সুইপিং/ঝাড়ু দেয়ার কাজ দিনের পরিবর্তে প্রত্যহ রাত ১০:০০টা হতে ভোর ০৬:০০টা পর্যন্ত সম্পাদনের প্রয়োজনীয় পদক্ষেপ/ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদেরকে নির্দেশ প্রদান করা হলো।

২। নির্দেশনা বাস্তবায়নে কোন ধরনের প্রতিবন্ধকতা, সমস্যার উদ্ভব হলে তা লিখিত আকারে প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তাকে জানাতে হবে।

৩। জন-স্বার্থে এ আদেশ জারী করা হলো। যা ০২/১০/২০২১খ্রি: হতে কার্যকরী হবে।


০২/০৬/২০২১
প্রধান নির্বাহী কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যে প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। কাউন্সিলর,..... নং সাধারণ/ সংরক্ষিত ওয়ার্ড, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
- ২। বিজ্ঞ সিটি ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
- ৩। মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্যে তাঁর একান্ত সচিব।
- ৪। প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন। প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করার জন্যে।
- ৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক), চট্টগ্রাম সিটি কর্পোরেশন। সার্বিক সহযোগিতার জন্যে।
- ৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ), চট্টগ্রাম সিটি কর্পোরেশন। বর্ণিত ওয়ার্ডসমূহে অবস্থিত ডাষ্টবিনসমূহ ছাড়াও ওয়ার্ডের সকল স্থানে রাতে নিরবিচ্ছিন্ন আলোকায়নের সার্বিক প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করার জন্যে।
- ৭। জন-সংযোগ কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন। সম্মানিত নগরবাসীকে এ বিষয়ে সার্বিক সহযোগিতার অনুরোধ জানিয়ে স্থানীয় দৈনিক পত্রিকাসমূহে বিজ্ঞপ্তি প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্যে।
- ৮। পুল অফিসার, যান্ত্রিক শাখা, প্রকৌশল বিভাগ। যথাযথ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যে।
- ৯। প্রোগ্রামার, সার্ভার কক্ষ, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
- ১০। পুলিশ কমিশনার, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ। অবগতির জন্যে তাঁর ব্যক্তিগত সহকারী
- ১১। সচিব, চট্টগ্রাম সিটি কর্পোরেশন। অবগতির জন্যে তাঁর ব্যক্তিগত সহকারী।
- ১২। সংশ্লিষ্ট সকল ওয়ার্ড সচিব। ওয়ার্ড কার্যালয় খোলা রাখাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও সার্বিক সহযোগিতা করার জন্যে।
- ১৩। অফিস কপি।